# বেসিক ব্যাংক লিমিটেড

**শতভাগ রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক**

**ফকিরহাট শাখা, বাগেরহাট**

**অর্থঋণ আদালত আইন -২০০৩ (সংশোধনী-২০১০)-এর ধারা ১২(৩) অনুযায়ী**

## বন্ধকী সম্পত্তি নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণকে জানানো যাইতেছে যে, **মেসার্স রংধনু**, মালিক-জনাব মোল্লা নূর হানিফ মাহমুদ (রাসেল), পিতা-মৃত জনাব মোল্লা নূর মহাম্মদ, মাতা-মিসেস মনোয়ারা বেগম, গ্রাম-সাতশিকা, ডাকঘর-সাতশিকা-৯৩৭০, উপজেলা-ফকিরহাট, জেলা-বাগেরহাট কর্তৃক বেসিক ব্যাংক লিমিটেড, শেখ মতিউর রহমান মার্কেট (২য় তলা), ফকিরহাট বাজার, পুরাতন ঢাকা রোড, ফকিরহাট, বাগেরহাট, ফকিরহাট শাখা, বাগেরহাট হতে ঋণ গ্রহন করেন। উক্ত গৃহীত ঋণের বিপরীতে মিসেস মনোয়ারা বেগম, স্বামী-মৃত জনাব মোল্লা নূর মহাম্মদ, গ্রাম-সাতশিকা, ডাকঘর-সাতশিকা-৯৩৭০, উপজেলা-ফকিরহাট, জেলা-বাগেরহাট নিম্ন তফসিল বর্নিত সম্পত্তি বেসিক ব্যাংক লিমিটেড, ফকিরহাট শাখা, বাগেরহাট এর অনুকূলে রেজিষ্ট্রী বন্ধক ও আমমোক্তারনামা সম্পাদন করেন। যাহাতে বেসিক ব্যাংক লিমিটেড, ফকিরহাট শাখা, বাগেরহাট-কে সম্পত্তি বিক্রয়ের ক্ষমতা অর্পণ করা আছে। উক্ত ঋণ গ্রহীতা ও বন্ধক দাতা ঋণের টাকা পরিশোধ না করায় ১০-০৮-২০২৫ ইং তারিখ পর্যন্ত ঋণ হিসাবে মোট পাওনা দাঁড়িয়েছে **৮,৩৬,৮০৭.৩০ টাকা (আট লক্ষ ছত্রিশ হাজার আটশত সাত টাকা ত্রিশ পয়সা)**। উক্ত পাওনা টাকা, এবং হালনাগাদ সুদসহ আদায়ের নিমিত্তে অর্থঋণ আদালত আইন ২০০৩ (সংশোধনী-২০১০) এর ধারা ১২ (৩) মোতাবেক প্রদত্ত বিক্রয়ের ক্ষমতা বলে নিম্ন তফসিলভুক্ত বন্ধককৃত সম্পত্তি নিলামে বিক্রয়ের জন্য নিম্ন বর্ণিত শর্তাদিতে আগ্রহী ক্রেতাগণের নিকট হইতে সীল মোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

**শর্তাবলী**

১) **আগামী ২৭-১০-২০২৫ ইং** তারিখে দুপুর ১২.০০ ঘটিকার মধ্যে দরপত্র সরাসরি বেসিক ব্যাংক লিঃ, ফকিরহাট শাখায় রক্ষিত বাক্সে অথবা রেজিষ্টার্ড ডাকযোগে নির্ধারিত সময়ের মধ্যে নিম্ন স্বাক্ষরকারীর নিকট পৌছাইতে হইবে এবং ঐ দিনই বিকাল ১২.০১ ঘটিকার সময় দরপত্র দাতাগনের সামনে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হইবে।

২) দাখিলকৃত দরপত্রে সীল মোহরকৃত খামে এবং খামের উপর স্পষ্ট অক্ষরে 'সম্পত্তি ক্রয় ও দরপত্র প্রস্তাব' এবং দাতাদের স্থায়ী ঠিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা দরপত্রে উল্লেখ করিতে হইবে।

৩) দরপত্র দাখিল করিবার সময় প্রযোজ্য জামানত (আর্নেস্ট মানি) স্বরূপ ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার বেসিক ব্যাংক লিমিটেড, ফকিরহাট শাখা, বাগেরহাট এর অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে ও অবশিষ্ট মূল্য পরিশোধের সময়সীমা নিম্নোক্ত ছকে দেওয়া হইলঃ

| আর্নেস্ট মানি/জামানতের পরিমান | অবশিষ্ট মুল্য পরিশোধের সময়সীমা |
|---|---|
| ক) উদ্ধৃত দর ১০.০০ লক্ষ টাকা পর্যন্ত দরপত্র মুল্যের ২০% হারে | দরপত্র গৃহীত হইবার ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে। |
| খ) উদ্ধৃত দর ১০.০১ লক্ষ টাকা হইতে ৫০.০০ লক্ষ টাকা পর্যন্ত দরপত্র মুল্যের ১৫% হারে | দরপত্র গৃহীত হইবার ৬০ (ষাট) দিবসের মধ্যে। |
| গ) উদ্ধৃত দর ৫০.০০ লক্ষ টাকার অধিক হইলে দরপত্র মুল্যের ১০% হারে | দরপত্র গৃহীত হইবার ৯০ (নব্বই) দিবসের মধ্যে। |

উল্লেখ্য, দরদাতা জামানতের অবশিষ্ট মূল্য নির্দিষ্ট সময়সীমার মধ্যে পরিশোধে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে।

৪) দরপত্রে তফসিল সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিক ভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে বেসিক ব্যাংক লিঃ, ফকিরহাট শাখা দরপত্র প্রস্তাব বাতিল করিতে পারিবে। ত্রুটিপূর্ন দরপত্র সরাসরি বাতিল হইবে।

৫) তফসিল সম্পত্তির উপর কোন সরকারী, আধা সরকারী বা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের কোন পাওনা বা দাবী থাকিলে তা পরিশোধের কোন দায় দায়িত্ব বেসিক ব্যাংক লিঃ, ফকিরহাট শাখা, বাগেরহাট এর উপর বর্তাইবে না।

৬) কৃতকার্য দরপত্র দাতাকে শর্তপালন সাপেক্ষে অর্থঋণ আদালত আইন ২০০৩ (সংশোধনী-২০১০) এর বিধান মোতাবেক বর্ণিত বন্ধকী সম্পত্তির দখল প্রদান করা হইবে।

৭) এবং কৃতকার্য দরপত্র দাতাকে দলিল রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন রেজিস্ট্রি ফি, ষ্ট্যাম্প ডিউটি, অন্যান্য শুল্ক এবং যাবতীয় আনুষাঙ্গিক খরচাদি বহন করিতে হইবে।

৮) সর্বোচ্চ দরপত্র দাতা দরপত্রের শর্তানুযায়ী অর্থ পরিশোধে ব্যর্থ হইলে কর্তৃপক্ষ পরবর্তী দরপত্র দাতার দরপত্র গ্রহণ যোগ্য হইলে উহা বিবেচনা করিতে পারিবেন।

৯) দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহনকারী ইচ্ছুক ব্যক্তিগন বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্ন স্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।

১০) ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যেকোন দরপত্র গ্রহণ বা বাতিল করার অধিকার সংরক্ষণ করিবে।

**বন্ধকী সম্পত্তির তফসিল**

(১) ৯.০০ শতক জমি, জেলা-বাগেরহাট, থানা এবং সাব রেজিষ্ট্রি অফিস-ফকিরহাট, মৌজা-সাতশিকা, জেএল নং-৩৩, এসএ খতিয়ান নং-১৭৮, ডিপি/আরএস খতিয়ান নং-১৫৮, সিএস এবং এসএ দাগ নং-১৯৬৯, আরএস/ ডিপি দাগ নং-২৪৪৩, জমির মালিক-মিসেস মনোয়ারা বেগম (স্বত্বাধিকারীর মাতা)।

(২) ৪.০০ শতক জমি, জেলা-বাগেরহাট, থানা এবং সাব রেজিষ্ট্রি অফিস-ফকিরহাট, মৌজা-সাতশিকা, জেএল নং-৩৩, এসএ খতিয়ান নং-১৭৮, ডিপি/আরএস খতিয়ান নং-১৫৮, সিএস এবং এসএ দাগ নং-২০০১, আরএস/ডিপি দাগ নং-২৪৫৪ জমির মালিক-মিসেস মনোয়ারা বেগম (স্বত্বাধিকারীর মাতা)।

**সিনিয়র প্রিন্সিপাল অফিসার ও শাখা প্রধান**
**ফকিরহাট শাখা, বাগেরহাট**
মোবাইল-০১৭৩০-০৮৪০৭২

**নয়া দিগন্ত, ২৬-০৯-২০২৫ ইং**

**পূর্বাঞ্চল, ২৬-০৯-২০২৫ ইং**